আজকের কাগজ

তারিখ ... 20 OCT 1991
পৃষ্ঠা ... কলাম ...

### শিক্ষকরা ধর্মঘটে যাচ্ছেন

# বুয়েটে চাঁদা আদায় ঘটনায় ছাত্র গ্রেফতার
# শিক্ষকদের ৫সহ ৭টি গাড়িতে আগুন

**বিশ্ববিদ্যালয় প্রতিবেদক :** ছাত্রলীগ (আ-অ) কর্মী গোলাম রব্বানী ববির গ্রেফতারকে কেন্দ্র করে গতকাল শনিবার বিকেলে বুয়েট ক্যাম্পাসে সাতটি গাড়ি পোড়ানো হয়েছে। এর মধ্যে পাঁচটি গাড়ি বুয়েট শিক্ষকদের। এছাড়া পাঁচ/ছয়টি গাড়ি ভাঙচুর করা হয়েছে।

গোলাম রব্বানী ববি ঢাকা বিশ্ববিদ্যালয়ের দর্শন বিভাগের ২য় বর্ষের ছাত্র এবং সলিমুল্লাহ হলের আবাসিক ছাত্র। উল্লেখ্য, গোলাম রব্বানী ববি মাহবুব হত্যা মামলার একজন আসামী। এ বছরের ২০ জুন আওয়ামী লীগ সমর্থক ছাত্রলীগ (আ-অ) ও জাসদ (ইনু) সমর্থক ছাত্রলীগের (না-শ) মধ্যে এক সশস্ত্র সংঘর্ষে ছাত্রলীগ (না-শ) নেতা মাহবুব নিহত হন।

বুয়েটে শিক্ষকদের গাড়ি ভাঙচুর ও পোড়ানোর প্রতিবাদে প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের শিক্ষকরা গতকাল সন্ধ্যায় এক জরুরি বৈঠকের আয়োজন করেন। বৈঠকের সিদ্ধান্তানুযায়ী আজ বেলা এগারোটায় বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক বিক্ষোভ মিছিল সহকারে প্রধানমন্ত্রী খালেদা জিয়ার সঙ্গে দেখা করতে যাবেন এবং বিশ্ববিদ্যালয় এলাকায় পূর্ণ নিরাপত্তার নিশ্চয়তা না পাওয়া পর্যন্ত শিক্ষকরা কর্মবিরতি পালন করবেন। সভায় বিশ্ববিদ্যালয় এলাকায় সশস্ত্র নিরাপত্তা বাহিনী রাখার প্রস্তাব নেয়া হয়।

রমনা থানা জানায়, গোলাম রব্বানী ববি গত শুক্রবার বুয়েটের কাউন্সিল ভবনের কন্ট্রাক্টর গোলাম রব্বানীর মোটর সাইকেল জোর করে নিয়ে আসে। কন্ট্রাক্টর গোলাম রব্বানী এ ব্যাপারে শুক্রবার রমনা থানায় একটি মামলা দায়ের করেন। গতকাল শনিবার বেলা ৩টার দিকে ববি মোটর সাইকেল ফেরৎ দিতে বুয়েটে যায় এবং মোটর সাইকেলের পরিবর্তে কন্ট্রাক্টর গোলাম রব্বানীর কাছে বড় অংকের টাকা দাবি করে। এ সময় তাদের মধ্যে বাদানুবাদ শুরু হয় এবং এক পর্যায়ে কন্ট্রাক্টর গোলাম রব্বানী চিৎকার শুরু করলে বুয়েটের নিরাপত্তা কর্মীরা ববিকে আটক করে রমনা থানায় ফোন করে। পরে রমনা থানার ওসি ঘটনাস্থলে এসে ববিকে গ্রেফতার করে নিয়ে যান।

ববিকে গ্রেফতারের পরপরই একদল যুবক বুয়েট ক্যাম্পাসে গাড়ি পোড়ায় ও ভাঙচুর করে। এ সময় পাঁচ/ছয় রাউন্ড গুলির শব্দ শোনা যায়। পুড়িয়ে দেয়া গাড়িগুলো হচ্ছে ঢাকা-ঘ-৪৭ (কার), ঢাকা-ঘ-৫৯৮৩ (কার), ঢাকা-ঘ-৮৮৩২ (কার), ঢাকা মেট্রো-ক-০২-২৭৩৪ (কার), ঢাকা মেট্রো-০৩-২৩৬২ (কার), ঢাকা মেট্রো-ঘ-৭৭৭৫ (পাজেরো জীপ)। ভাঙচুরকৃত গাড়িগুলোর মধ্যে যেগুলোর নম্বর পাওয়া গেছে সেগুলো হল ঢাকা-গ-৮৭২০, ঢাকা-ঘ-৩৩৪৬। এছাড়া ব্রিটিশ কাউন্সিলের সামনে একটি পিকআপ (ঢাকা মেট্রো-৬৬৬৩) পোড়ানো হয়। এ ঘটনার পর পুলিশ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সকল প্রবেশ পথে রিকশা ও অন্যান্য যানবাহনের চলাচল বন্ধ করে দেয়।

এদিকে গোলাম রব্বানী ববিকে গ্রেফতারের প্রতিবাদে আওয়ামী লীগ সমর্থক ছাত্রলীগ (আ-অ) গতকাল সন্ধ্যায় টিএসসি-তে বিক্ষোভ মিছিল ও সড়কদ্বীপে সমাবেশ করেছে। সমাবেশে বক্তৃতা করেন ছাত্রনেতা কামরুজ্জামান আনসারী। তিনি বলেন, মাহবুবকে হত্যায় মিথ্যা ষড়যন্ত্রমূলক মামলায় জড়িয়ে ববিকে গ্রেফতার করা হয়েছে। মাহবুব নিহত হয়েছিলো আত্মঘাতী গুলিতে। তারপরও ছাত্রলীগ নেতাকর্মীদের হয়রানি করার জন্যে এই মিথ্যা মামলায় তাদের জড়ানো হয়েছে। তিনি অবিলম্বে ববিকে মুক্তি দেয়ার আহ্বান জানিয়ে বলেন, নতুবা বাংলাদেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে অনির্দিষ্টকালের জন্যে ধর্মঘট ডেকে শিক্ষাব্যবস্থাকে অচল করে দেয়া হবে।